# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৮

১/ বিবিধ

আরবী

الحدة لا تكون إلا في صالحي أمتي وأبرارها ثم تفيء

موضوع

رواه بن بشران في " الأمالي " (23 / 69 / 2) عن بشر بن الحسين عن الزبير بن عدي عن أنس بن مالك مرفوعا

قلت: وبشر هذا كذاب

والحديث ذكره السيوطي برواية الديلمي في " مسند الفردوس " عن أنس وقال شارحه المناوي: رواه الديلمي من حديث بشر بن الحسين عن الزبير بن عدي عن أنس وبشر هذا قال الذهبي: قال الدارقطني: متروك

قلت: وزاد الذهبي في ترجمته من " الميزان ": وقال أبو حاتم: يكذب على الزبير، وقال ابن حبان: يروي بشر بن الحسين عن نسخة موضوعة شبيها بمائة وخمسين حديثا

قلت: ومنها هذا الحديث كما نقله الذهبي في ترجمته لكن بلفظ

" ليس أحد أحق بالحدة من حامل القرآن لعزة القرآن في جوفه "

وبهذا اللفظ رواه العقيلي في " الضعفاء " (1 / 141) من طريق بشر، وساق له أحاديث أخرى وقال: وله غير حديث من هذا النحومناكير كلها

وقد أورده السيوطي برواية أبي نصر السجزي في " الإبانة " والديلمي في " مسند الفردوس " عن أنس وتعقبه المناوي هنا بما نقلناه عن الذهبي من تكذيب أبي حاتم

لبشر هذا، وزاد: وفي " اللسان " عن ابن حبان: لا ينظر في شيء رواه عن الزبير إلا على جهة التعجب، وكذبه الطيالسي
ومن الغرائب أن السيوطي أورد حديث معاذ وحديث أنس بلفظيه في " ذيل الأحاديث الموضوعة " (ص 24) مستدركا لهما على ابن الجوزي، ثم أوردهما في " الجامع الصغير " الذي نص في مقدمته أنه صانه عما تفرد به كذاب أو وضاع! وهذه كلها من رواية الكذابين! ونحوه في المناوي في " التيسير " فإنه قال في حديث أنس: إسناده ضعيف

বাংলা

২৮। ধর্মীয় চেতনা শুধুমাত্র আমার উম্মতের নেককার ও সৎকর্মশীলদের মধ্যেই হবে। অতঃপর তা ফিরে যাবে।

হাদীসটি জাল।

হাদীসটি ইবনু বিশরান “আল-আমলী” গ্রন্থে (২৩/৬৯/২) বিশর ইবনু হুসাইন সূত্রে ... আনাস ইবনু মালেক (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ বিশর মিথ্যুক। ইমাম সুয়ুতী দাইলামী কর্তৃক “মুসনাদুল ফিরদাউস” গ্রন্থের বর্ণনা হতে হাদীসটি উল্লেখ করেছেন। যাহাবী বলেন, দারাকুতনী বলেছেনঃ তিনি (বিশর) মাতরূক। আদীর প্রতি মিথ্যারোপ করতেন। ইবনু হিব্বান বলেনঃ বিশর ইবনু হুসাইন জাল হাদীসের পাণ্ডুলিপি হতে বর্ণনা করতেন। তাতে প্রায় একশত পঞ্চাশটি জাল হাদীস ছিল। এটি সেগুলোরই একটি, যেমনটি যাহাবী তার জীবনীতে উল্লেখ করেছেন।

হাদীসটি উকায়লীও “আয-যুয়াফা" গ্রন্থে (১/১৪১) বিশর সূত্রেই উল্লেখ করেছেন। তিনি তার আরো কিছু হাদীস উল্লেখ করে বলেছেনঃ সবগুলোই মুনকার।

মানবী বলেনঃ তায়ালিসীও তাকে মিথ্যুক বলেছেন।

আশ্চর্যজনক ব্যাপার হচ্ছে এই যে, ইমাম সুয়ূতী মুয়ায এবং আনাস (রাঃ) এর হাদীস দুটি “যায়লুল আহাদীছিল মাওযূ'আহ" গ্রন্থে (পৃঃ ২৪) উল্লেখ করা সত্ত্বেও “জামেউস সাগীর” গ্রন্থে উল্লেখ করেছেন। অথচ ভূমিকায় বলেছেন যে, তিনি এ গ্রন্থটিকে মিথ্যুক এবং জাল বর্ণনাকারী হতে হেফাযাত করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5289

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন